



প্রেস রিলিজ

তারিখ: ১২ই জুন, ২০১৫ ইং

রিনিউয়েবল এনার্জি ইনোভেশন হাব

সমাপনি অনুষ্ঠান

“রিনিউয়েবল এনার্জি ইনোভেশন হাব” ১লা জানুয়ারি হতে ৩১ মে, ২০১৫ ইং পর্যন্ত একটি পাঁচ মাস দীর্ঘ “সার্টিফিকেট ট্রেনিং কোর্স” যা চেঞ্জ এবং মার্কিন ডিপার্টমেন্ট অফ স্টেইট এর সহযোগিতায় সংঘটিত হয়। এই প্রশিক্ষণ এর উদ্দেশ্য ছিল বিভিন্ন ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়, কারিগরি প্রতিষ্ঠান এবং কলেজের শিক্ষার্থীদের নবায়নযোগ্য শক্তির যন্ত্রপাতির গবেষণা ও উন্নয়ন সম্পর্কে ধারণা দেওয়া।

দীর্ঘ পাঁচ মাস কোঠর পরিশ্রমের পর দলটি অসাধারণ ছয়টি স্থানীয় উদ্ভাবন নিয়ে আসতে সক্ষম হয় যেগুলো ৭ই জুন, ২০১৫ ইং তারিখে আমেরিকান সেন্টার, ইউ. এস. এ্যাসোসিয়েটেড সমাপনি অনুষ্ঠানের মাধ্যমে প্রদর্শন করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্যানেল আলোচনায় উপস্থিত ছিলেন আমেরিকান এ্যাসোসিয়েটেড ইঞ্জিনিয়ার, জন পিনও, কালচারাল এ্যেফ্যারস অফিসার অফ পাবলিক এ্যেফ্যারস সেকশন অফ ইউ.এস এ্যাসোসিয়েটেড, জর্জ মেথস, পরিবেশ বিজ্ঞান এবং বাবস্থাপনা বিভাগের প্রফেসর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, মিজান আর. খান, স্পেশাল করেস্পন্ডেন্ট চ্যানেল ২৪, শাহেদ আলম, এবং চেঞ্জ এর প্রতিষ্ঠাতা, সাজিদ ইকবাল। প্যানেলের আলোচনার বিষয় ছিল উদ্ভাবনের প্রত্যাশা, পরিবেশ বিষয়ক প্রাপ্তি এবং বিভিন্ন সমস্যাগুলো নির্ণয় করা। উক্ত অনুষ্ঠানে ইউ. এস. এইড, জি. আই. জেড (জার্মান কর্পোরেশন), একশন এইড এবং প্রমুখ উন্নয়নশীল প্রতিষ্ঠান সমূহ উপস্থিত ছিল।

পরবর্তীতে জনাব সাজিদ ইকবাল উক্ত অনুষ্ঠানে প্রদর্শিত উদ্ভাবন গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং জানান যে প্রদর্শিত উদ্ভাবন গুলো স্থানীয় সামগ্রী দিয়ে তৈরি করা হয়েছে যা খুব সহজলভ্য ও সাশ্রয়ী। উদ্ভাবন গুলো:

১. সৌর সড়কবাতি: এই সড়কবাতি গুলো দিনের আলোর সাথে সয়ঙ্কিয়ভাবে নিয়ন্ত্রিত। ইহার মধ্যে একটি বাতি বাঁশ এবং ব্যবহিত প্লাস্টিক বোতল এর সমন্বয়ে তৈরি। এই বাতিগুলো গ্রামের সড়কগুলোকে আলোকিত এবং নিরাপত্তা দিতে কার্যকর ভূমিকা পালন করবে।
২. সৌর সেচ পাম্প: পাম্পটি প্রতিদিন ২৫-৩০ হাজার লিটার পানি সরবরাহ করতে পারে। ইহা জ্বালানী ও পরিবেশ রক্ষা এবং কৃষি কাজে পানির চাহিদা মেটাতে সক্ষম হবে।
৩. সৌর পানি বিশুদ্ধকারক: এটি একটি সাধারণ পানি বিশুদ্ধকারক যা অতিবেগুনী রশ্মি এবং সৌর বিদ্যুৎ এর সমন্বয়ে পরিচালিত। ইহা প্রতিদিন ৬০ থেকে ৭০ লিটার বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করতে সক্ষম।



Office Address: Red Crescent Concord Tower
11th Floor, Suite – B, 17 Mohakhali Commercial
Area, Dhaka-1212
Website: www.change.org.bd
E-mail: info@change.org.bd

৪. এনার্জি ইফিসিএন্ট গ্যাসিফায়ার রান্নার চুলা

৫. সৌর লন্টন, এবং

৬. সৌর সেন্টার।

অনুষ্ঠানের সমাপ্তিতে ১১ জন সফল অংশগ্রহণকারীকে সনদপত্র প্রদান করা হয়। পরিসমাপ্তিতে জর্জ মেখস উদ্ভাবন গুলোর বিষয়ে খুবই আসাবাদ ব্যক্ত করেন এবং বিভিন্ন প্রতিষ্ঠানে উদ্ভাবন গুলো প্রচার করবেন বলে মন্তব্য করেন।

CHANGE

###